

আল-মুলক | Al-Mulk | اُلْمُلْك

আয়াতঃ ৬৭:২৩

া আরবি মূল আয়াত:

قُل هُوَ الَّذِى اَنشاكُم وَ جَعَلَ لَكُمُ السَّمعَ وَ الاَبصارَ وَ الاَفِدَةَ اَ قَلِيلًا مَّا تَشكُرُونَ ﴿٢٣﴾

বল, 'তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন এবং তোমাদের জন্য শ্রবণ ও দৃষ্টিশক্তি এবং অন্তকরণসমূহ দিয়েছেন। তোমরা খুব অল্পই শোকর কর'। — আল-বায়ান

বলে দাও, 'তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন আর তোমাদেরকে দিয়েছেন শোনার ও দেখার শক্তি আর অন্তঃকরণ; তোমরা শোকর আদায় খুব অল্পই করে থাক।' — তাইসিরুল

বলঃ তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন এবং তোমাদেরকে দিয়েছেন শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি ও অন্তঃকরণ। তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ করে থাক। — মুজিবুর রহমান

Say, "It is He who has produced you and made for you hearing and vision and hearts; little are you grateful." — Sahih International

২৩. বলুন, তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন এবং তোমাদেরকে দিয়েছেন শ্রবনশক্তি, দৃষ্টিশক্তি ও অন্তঃকরন। তোমরা খুব অল্পই কৃতজ্ঞতা প্রকাশ কর।

তাফসীরে জাকারিয়া

- (২৩) বল, 'তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন[1] এবং তোমাদেরকে দিয়েছেন শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি ও অন্তঃকরণ।[2] তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ করে থাক।'[3]
 - [1] অর্থাৎ, প্রথমবার সৃষ্টিকারী হলেন আল্লাহই।
 - [2] যা দিয়ে তোমরা শুনতে পার, দেখতে পার এবং আল্লাহর সৃষ্টিকুল সম্বন্ধে চিন্তা-ভাবনা করে আল্লাহর পরিচয় লাভ করতে পার। মহান আল্লাহ তিনটি (ইন্দ্রিয়) শক্তির কথা উল্লেখ করেছেন; যার দ্বারা মানুষ শ্রাব্য, দৃশ্য ও অনুভবযোগ্য সকল বস্তুর জ্ঞান লাভ করতে পারে। এতে এক দিক দিয়ে হুজ্জত কায়েম করাও হয়েছে এবং আল্লাহ প্রদত্ত এই নিয়ামতগুলোর উপর কৃতজ্ঞতা জ্ঞাপন না করার নিন্দাও করা হয়েছে। এই জন্য আয়াতের



শেষাংশে বলা হয়েছে, ''তোমরা খুব কমই কৃতজ্ঞতা প্রকাশ করে থাক।''

[3] অর্থাৎ, অল্প পরিমাণ অথবা অল্প সময়ব্যাপী কৃতজ্ঞতা প্রকাশ করে থাক। কিংবা কৃতজ্ঞতার স্বল্পতা উল্লেখ করে তাদের তরফ থেকে পূর্ণ কৃতত্মতাকেই বুঝানো হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5264

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন